30 MAR 1991

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 30 MAR 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 9 ...

24

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রসঙ্গে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯০-৯১ শিক্ষা বর্ষের ১ম বর্ষে (সম্মান) ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার শেষ সময়সীমা ছিল ১৬ই মার্চ। আবেদনপত্র দেওয়া শুরু হইয়াছিল ৪ঠা মার্চ হইতে। এই স্বল্প পরিসরে অনেকে দূর দূরান্ত হইতে আসিয়া ভর্তির ফরম জমা দিতে সক্ষম হন নাই। আবার অনেকে মনে করিয়াছিল, বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় ভর্তির কাগজপত্র দেওয়া হইবে না। তাহাছাড়া সাম্প্রতিক সময়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের অবস্থা উত্তপ্ত থাকায় অনেকে আবেদনপত্র জমা দিতে আসে নাই। উপরোল্লিখিত কারণ বিবেচনা করিয়া বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে আবেদন, ভর্তির ফরম নেওয়া ও জমা দেওয়ার সময়সীমা বাড়ানো হউক।

—মোঃ আহসান হাবীব দীপক
শেষ বর্ষ, পদার্থ বিজ্ঞান বিভাগ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম